[This question paper contains 2 printed pages.]

**Your Roll No...............**

**Sr. No. of Question Paper : 6094** **J**

Unique Paper Code : 2082103602

Name of the Paper : Bangla Chhanda O Alamkar

Name of the Course : **B.A. (Hons.) DSC**

Semester : VI

Duration : 3 Hours Maximum Marks : 90

**Instructions for Candidates**

1. Write your Roll No. on the top immediately on receipt of this question paper.
2. Write all the answers in Bengali Language only.

**Unit-I**

নিম্নলিখিত চারটি প্রশ্ন থেকে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। 15X2=30

1. পয়ার ছন্দ কাকে বলে? উদাহরণ সহযোগে এই রীতির ছন্দের বৈশিষ্ট্য লেখ।
2. পর্ব, পদ ও চরণ, ছেদ ও যতি বলতে কী বোঝায়? দৃষ্টান্ত সহযোগে পরিচয় দাও।
3. স্বরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহযোগে লিপিবদ্ধ কর।
4. মাত্রাবৃত্ত ছন্দ ও অক্ষরবৃত্ত ছন্দের মধ্যে দৃষ্টান্ত সহ একটি তুলনামূলক আলোচনা কর।

5. ছন্দ নির্ণয় করঃ (তিনটি) 5X3=15

(a) সম্মুখ সমরে পড়ি বীর চূড়ামণি
বীরবাহু, চলি যবে গেলা যমপুরে
অকালে—কহ, হে দেবি অমৃতভাষিণি,
কোন্ বীরবরে বরি' সেনাপতি-পদে,
পাঠাইলা রণে পুনঃ রক্ষোকুলনিধি
রাঘবারি?

(b)তবে কতদিনে দ্রোণ বিদ্যা পরীক্ষিতে।
রচিয়া কাষ্ঠের পক্ষী রাখিলা বৃক্ষেতে।।

*P.T.O.*

(c)শাশুড়ী ননদ নাই নাই তোর সতা।
কার সঙ্গে দ্বন্দ্ব করি চক্ষু কৈলি রাতা।।

(d)দিনের আলো নিবে এলো, সূয্যি ডোবে ডোবে,
আকাশ জুড়ে মেঘ করেছে চাঁদের লোভে লোভে।

( e)মুক্ত বেণীর গঙ্গা যেথায় মুক্তি বিতরে রঙ্গে
আমরা বাঙালী বাস করি সেই তীর্থে বরদ বঙ্গে।

## Unit-II

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর লেখ। 15X2=30

6. অলংকার মূলত ক'রকমের হয়? শব্দালংকার বলতে কী বোঝ? শব্দালংকারের প্রকারগুলির নামোল্লেখ করে যমক ও শ্লেষ অলংকারের পার্থক্য উদাহরণ সহযোগে লেখ।
7. উপমা অলংকারের সংজ্ঞা ও বিভাগগুলির পরিচয় দাও।
8. সমাসোক্তি ও ব্যজস্তুতি অলংকারের মধ্যে তুলনা করে উদাহরণ সহ দুটি অলংকারের বর্ণনা দাাও।
9. রূপক অলংকারের সংজ্ঞা ও প্রকারগুলির বিবরণ দাও।

10. কারণ সহ অলংকার নির্ণয় কর।(পাঁচটি) 3X5=15

(a) চল চপলার চকিত চমকে করিছে চরণ বিচরণ।

(b) মালতী, তোমার মন নদীর স্রোতের মতো চঞ্চল উদ্দাম।

( c) থির-বিজুরী নবীনা গোরী পেখলু ঘাটের কূলে।

(d )যব গোধূলি সময় বেলি
ধনি মন্দির বাহির ভেলি
নবজলধরে বিজুরি-রেহা দ্বন্দ্ব পসারি গেলি।

(e)নামে সন্ধ্যা তন্দ্রালসা
সোনার আঁচল খসা
হাতে দীপশিখা।

(f)বন থেকে এলো এক টিয়ে মনোহর
সোনার টোপর শোভে মাথার উপর।

(g) অচক্ষু সর্বত্র চান অকর্ণ শুনিতে পান,
অপদ সর্বত্র গতাগতি।

(h)হৃদয়-বৃন্দাবনে কানু ঘুমাওল
প্রেম-প্রহরী রহু জাগি।